

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০ (অংশ)-২০২

তারিখঃ ১৬-০৩-২০২০ ইং

প্রজ্ঞাপন


বাংলাদেশের অভ্যন্তরে করোনাভাইরাস প্রতিরোধ ও মোকাবেলার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে নিম্নরূপ কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

ইউনিয়ন কমিটিঃ

(১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	সভাপতি
(২) বেসরকারি কলেজের প্রতিনিধি (যদি থাকে)	সদস্য
(৩) বেসরকারি হাই স্কুলের প্রতিনিধি	সদস্য
(৪) প্রাথমিক বিদ্যালয়ের ২ জন প্রধান শিক্ষক	সদস্য
(৫) স্থানীয় গণ্যমান্য ব্যক্তি-২ জন	সদস্য
(৬) স্বাস্থ্য পরিদর্শক	সদস্য
(৭) ইউনিয়ন পরিষদ সদস্য (সকল)	সদস্য
(৮) ইউনিয়ন পরিষদ সদস্য (সংরক্ষিত), (সকল)	সদস্য
(৯) সচিব, ইউনিয়ন পরিষদ	সদস্য সচিব

কমিটির কার্যপরিধিঃ

- এ কমিটি করোনাভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন করবে;
- করোনাভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সচেতনতা সৃষ্টি, প্রয়োজনে কোয়ারেন্টাইনসহ আর্থিক ও লজিস্টিক সহায়তার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবে;
- করোনাভাইরাস সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জাতীয় কমিটির পরামর্শ গ্রহণ করবে এবং ঐ ব্যক্তি ও তার পরিবারের সদস্যগণের চলাফেরার উপর নজরদারি করবে;
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; এবং
- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।


(মোঃ আবু রায়হান মিত্রা)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- (১) চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ (তাকে উল্লিখিত বুপরেখা অনুযায়ী কমিটি গঠনপূর্বক কার্যক্রম পরিচালনার অনুরোধসহ)।
- (২) স্বাস্থ্য পরিদর্শক, সকল ইউনিয়ন পরিষদ।
- (৩) সচিব, সকল ইউনিয়ন পরিষদ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল)।
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।